**জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম**
**কার্যনির্বাহী পরিষদ সভা**
**১৮ আগষ্ট, ২০২৪**
**মিটিং রুম, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ**

**আলোচ্যসূচি –**

১. প্রয়াত ফোরাম সম্পাদক নাছিমা আক্তার জলির স্মরনে এক মিনিট নিরবতা পালন এবং প্রয়াত সম্পাদকসহ গণঅভ্যুত্থানে নিহত শহীদদের স্মরনে শোক প্রস্তাব উত্থাপন;
২. সম্পাদকের মৃত্যুতে কার্যক্রম পরিচালনা এবং দায়িত্ব সম্পর্কিত;
৩. ব্যাংক হিসাব স্বাক্ষরকারী পরিবর্তন বিষয়ক;
৪. ফোরাম কোষাধ্যক্ষের বর্তমানে দেশের বাহিরে অবস্থানজনিত কারন এবং একইসাথে কার্যনির্বাহী পরিষদের সদস্য সংগঠণের প্রতিনিধি পরিবর্তনজনিত কারনে উক্ত সংগঠণ কর্তৃক প্রতিনিধি মনোনয়ন বিষয়ক;
৫. জাতীয় কন্যাশিশু দিবস ২০২৪ উদযাপন বিষয়ক;
৬. বিবিধ

গত ১৮ আগষ্ট, ২০২৪ তারিখ জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের কার্যনির্বাহী পরিষদ সভা দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ অফিসের হলরূমে জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের সভাপতি ড. বদিউল আলম মজুমদারের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উপস্থিত সকল সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে এবং সকলের সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। ফোরাম সম্পাদক জনাব নাছিমা আক্তার জলির অর্থবহ কর্মজীবনের স্মৃতিচারণ করা হয় এবং বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে নিহত সকল শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে সভার কার্যক্রম শুরু হয়, একই সাথে আহত সকল শিশু ও ব্যক্তিবৃন্দের দ্রুত আরোগ্য কামনা করা হয়। অতঃপর বিস্তারিত আলোচনার মধ্য দিয়ে সাংগাঠনিক এবং কার্যক্রম পরিচালনা বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ-**

**আলোচ্যসূচি ১ঃ**
**প্রয়াত ফোরাম সম্পাদক জনাব নাছিমা আক্তার জলির স্মরনে এক মিনিট নিরবতা পালন এবং প্রয়াত সম্পাদক সহ গণঅভ্যুত্থানে নিহত শহীদদের স্মরণে শোক প্রস্তাব উত্থাপন-**

**নিরবতা পালন ঃ** সভার শুরুতে সদ্য প্রয়াত ফোরাম সম্পাদক জনাব নাছিমা আক্তার জলির স্মরনে এক মিনিট নিরবতা পালন করা হয়। সকলের প্রিয় জনাব নাছিমা আক্তার জলি গত ০৯ জুন, ২০২৪ তারিখ বিকেল ৪:২৫টায় রাজধানীর একটি হাসপাতালে মৃত্যুবরণ করেন।

**শোক প্রস্তাব ঃ** নিরবতা পালন পরবর্তী জনাব নাছিমা আক্তার জলির মৃত্যুসহ গত জুলাই-আগষ্ট ২০২৪ এ বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের মাধ্যমে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে নিহত শহীদ সকল ছাত্র-জনতার বিদেহী আত্মার প্রতি শ্রদ্ধা নিবেদন এবং তাঁদের পরলোকগত আত্মার শান্তি কামনা করে সভায় একটি শোক প্রস্তাব উত্থাপন করা হয়।

**সিদ্ধান্ত-** উত্থাপিত শোক প্রস্তাবটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্যসূচি ২ঃ**
**ফোরাম সম্পাদকের মৃত্যুতে কার্যক্রম পরিচালনা এবং দায়িত্ব সম্পর্কিত-**

**আলোচনা ঃ** সভায় সকলে একমত হন যে, জনাব নাছিমা আক্তার জলির মৃত্যুতে জাতি হারিয়েছে একজন নিবেদিতপ্রাণ ও বলিষ্ঠ উন্নয়নকর্মী এবং ফোরাম হারিয়েছে নারী ও কন্যাশিশুদের স্বার্থে নিবেদিত একজন অভিভাবককে, যা অপূরণীয়। তবে বৃহৎ এই প্লাটফর্মটির কার্যক্রম কোনভাবেই স্থবির করে রাখা যাবেনা। সেক্ষেত্রে সম্পাদকের দায়িত্ব, সাচিবিক কার্যক্রম এবং ফোরামের কার্যক্রম পরিচালনা ও ফলপ্রসূভাবে এগিয়ে নিতে নিন্মে বর্নিত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়।

**সিদ্ধান্তসমূহ-**

**ক) ফোরাম সচিবালয়ঃ** জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম প্লাটফর্ম এর প্রতিষ্ঠা দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ-এর স্বপ্নের ফসল। মাঠপর্যায় হতে কেন্দ্রিয় পর্যায়ে জনবল প্রদান, সার্বিক সহযোগিতা এবং ফোরামের লক্ষ্য ও উদ্দেশ্য পূরণের লক্ষ্যে মাঠপর্যায়ে বিভিন্ন কর্মসূচি ক্রমাগতভাবে পরিচালনার মাধ্যমে দেশব্যাপী ও জাতীয় পর্যায়ে ফোরামকে সুপ্রতিষ্ঠিত প্লাটফর্ম হিসেবে প্রতিষ্ঠা করতে দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। তাই সকল ধরণের সাচিবিক কার্যক্রম পরিচালনার দায়িত্ব পূর্বের ন্যায় দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের উপর ন্যস্ত থাকবে।

**খ) ফোরাম সম্পাদকের দায়িত্বঃ** সর্বসম্মতিক্রমে পরবর্তী কার্যনির্বাহী পরিষদের সময়কাল পর্যন্ত্য কার্যনর্বাহী পরিষদের নির্বাচন অনুষ্ঠিত না হওয়া পর্যন্ত্য ফোরাম সভাপতি ড. বদিউল আলম মজুমদার এর তত্ত্বাবধানেই সচিবালয়ের সার্বিক কার্যক্রম সম্পন্ন করা হবে। প্রয়োজন মাফিক ফোরাম সহ-সভাপতি জনাব শাহীন আকতার ডলি এবং সহ-সম্পাদক জনাব ওয়াহিদা বানু সহযোগিতা ও পরামর্শ প্রদান করবেন। ড. বদিউল আলম মজুমদার পরবর্তীতে দি হাঙ্গার প্রজেক্টের পক্ষ থেকে স্থায়ীভাবে সম্পাদকের দায়িত্ব পালনের জন্য মনোনীত করবেন।

**গ) ন্যাশনাল কোঅর্ডিনেটরঃ** বর্তমান সেন্ট্রাল কোঅর্ডিনেটর জনাব সৈয়দা আহসানা জামান (এ্যানী) ফোরামের ন্যাশনাল কোঅর্ডিনের হিসেবে সার্বিক দায়িত্ব ও সকল ধরণের কার্যক্রম সভাপতি ড. বদিউল আলম মজুমদার এর তত্ত্বাবধানে সম্পন্ন করবেন।

**ঘ) সভায় আরো সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে,** প্রয়োজন স্বাপেক্ষে ফোরামের সহ-সভাপতি জনাব শাহীন আকতার ডলি এবং সহ-সম্পাদক জনাব ওয়াহিদা বানুর সহযোগিতা ও পরামর্শ গ্রহণ করা হবে ।

**আলোচ্যসূচি ৩ ঃ**
**ব্যাংক হিসাব স্বাক্ষরকারী পরিবর্তন বিষয়ক-**

**আলোচনা ঃ** জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের ব্যাংকিং লেনদেন ইতিপূর্বে ফোরাম সভাপতি এবং সম্পাদকের যৌথ স্বাক্ষরে পরিচালনা করা হয়েছে। সম্পাদকের মৃত্যুজনিত কারনে সিগনেটরীজ জটিলতায় ব্যাংকিং লেনদেন বর্তমানে স্থগিত রয়েছে, এবিষয়ে সভায় আলোচনা করা হয় ।

**সিদ্ধান্ত ঃ**

সর্বসম্মতিক্রমে ব্যাংক সিগনেটরীজ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয় যে, পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত্য ফোরাম সভাপতির একক স্বাক্ষরে ব্যাংকিং লেনদেন পরিচালনা করা হবে। অতঃপর, ব্যাংকিং কার্যক্রম সচল করার লক্ষ্যে দ্রুততার সাথে প্রয়োজনীয় ডকুমেন্টসহ সংশিষ্ট ব্যাংক-কে অবহিত কারার জন্য সভা ন্যাশনাল কোঅর্ডিনেটর সৈয়দা আহসানা জামান (এ্যানী) ও সচিবালয় কর্তৃক এনজিসিএফ এর অর্থ ব্যবস্থাপনা কার্যক্রমে দায়িত্বপ্রাপ্ত দি হাঙ্গার প্রজেক্টের ফিন্যান্স এন্ড এডমিন অফিসার জনাব সত্যজিৎ দেবনাথকে দায়িত্ব প্রদান করা হয়।

**আলোচ্যসূচি ৪ ঃ**
**ফোরাম কোষাধ্যক্ষের বর্তমানে দেশের বাহিরে অবস্থানজনিত কারন এবং একইসাথে কার্যনির্বাহী পরিষদের সদস্য সংগঠণের প্রতিনিধি পরিবর্তনজনিত কারনে উক্ত সংগঠণ কর্তৃক প্রতিনিধি মনোনয়ন বিষয়ক;**

**ক. আলোচনা-** ফোরামের কার্যক্রম চলমান রাখার জন্য সদস্য সংগঠণসমূহ সাধারণত তাঁদের সংগঠণের পক্ষ থেকে একজন প্রতিনিধি নির্ধারন করে থাকেন। অনেকক্ষেত্রে প্রতিনিধি পরিবর্তন হলে উক্ত সংগঠণ পুণরায় প্রতিনিধি নির্ধারন করে ফোরামকে অবহিত করেন। বাংলাদেশ ওয়াইডাব্লিউ-সিএ- এর প্রতিনিধি হিসেবে জনাব বীণা অধিকারী ফোরামের কোষাধ্যক্ষের দায়িত্ব পালন করে আসছিলেন। বর্তমানে তিনি পরিবারসহ দেশের বাইরে দীর্ঘসময়ের জন্য অবস্থান করবেন বলে জানা গেছে। সেক্ষেত্রে বিষয়টি নিশ্চিত করে তাঁর পরিবর্তে বাংলাদেশ ওয়াই ডাব্লিউসিএর পক্ষ থেকে উক্ত পদটিতে কে দায়িত্ব পালন করবেন, এবিষয়ে বাংলাদেশ ওয়াই ডাব্লিউসিএকে লিখিতভাবে ফোরামকে অবহিত করার অনুরোধ জানানো হয়।

**সিদ্ধান্ত** ঃ অনুষ্ঠিত সভায় উপস্থিত বাংলাদেশ বাংলাদেশ ওয়াইডাব্লিউসিএ -এর প্রতিনিধিকে অনুরোধ জানানো হয়, এবিষয়ে তিনি তাঁর কর্তৃপক্ষের সাথে আলোচনা করে ফোরামকে অবহিত করবেন।

খ. **আলোচনা-** সভাকে অবহিত করা হয়, কার্যনির্বাহী পরিষদ সদস্য সংগঠণ গুডনেইবারস বাংলাদেশকে প্রতিনিধিত্বকারী জনাব রাজিয়া সুলতানা অন্যত্র চলে যাওয়াতে গুডনেইবারস বাংলাদেশ কর্তৃক ইমেইলে চিঠির মাধ্যমে পূর্বের প্রতিনিধির-এর স্থলে একজন নতুন প্রতিনিধি জনাব আমরীন আফরোজ-কে অন্তর্ভুক্ত করার আবেদন জানানো হয়েছে।

**সিদ্ধান্ত ঃ** সর্বসম্মতিক্রমে জনাব আমরীন আফরোজ-কে জনাব রাজিয়া সুলতানার স্থলে স্থলাভিষিক্ত করা হয় ।

**আলোচ্যসূচি ৫ ঃ**
**জাতীয় কন্যাশিশু দিবস ২০২৪ উদযাপন বিষয়ক-**

**আলোচনা-** আগামী ৩০ সেপ্টেম্বর, জাতীয় কন্যাশিশু দিবস। প্রতিবছর দিবসটিকে ঘিরে বিভিন্ন কর্মসুচি গ্রহন করা হয়ে থাকে। এবছর বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের মধ্যদিয়ে আমরা পেয়েছি নতুন এক পরিবর্তিত বাংলাদেশকে। আওয়ামী শাসন অবসানের মাধ্যমে রাষ্ট্র সংস্কারের লক্ষ্যে পলিসি, প্রশাসনিক পর্যায়ের প্রতিটি স্থান পরিবর্তনের কারনে এবছরের প্রেক্ষাপট সম্পূর্ণই ভিন্ন। তাই সভায় সিদ্ধান্ত হয়, বরাবরের মতো মাসভিত্তিক বিভিন্ন কর্মসুচি পালন না করে নির্দিষ্ট কিছু কর্মসূচি গ্রহণ করা। দিবস উদযাপন বিষয়ে যেসকল সিদ্ধান্ত গ্রহণ করা হয়-

**সিদ্ধান্তসমূহ-**

**ক. কর্মসূচিসমূহঃ** পোস্টার প্রিন্ট, জার্নাল "কন্যাশিশু" প্রকাশ, ক্রোড়পত্র প্রকাশ, সোস্যাল মিডিয়া ক্যাম্পেইন, র‍্যালি, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান এবং মাঠ পর্যায়ে বিভিন্ন কর্মসূচি আয়োজন করা হবে।

**খ.** কর্মসূচিসমুহ সফল করতে প্রতি সদস্য সংগঠণ ১,৫০০ (এক হাজার পাঁচশত) টাকা এবং ব্যক্তিগত সদস্য ১,০০০ (এক হাজার) টাকা তহবিল প্রদান করবেন। এর বাইরে প্রতিবারের ন্যায় ফোরামের অর্থ প্রদানকারী বেশকিছু সদস্য ও সহযোগি সংগঠনের কাছে বাজেট পেশ করে তহবিল প্রদান করার জন্য অনুরোধ জানানো হবে;

**গ.** ন্যাশনাল কোঅর্ডিনেটর সকল কর্মসূচির বিপরীতে একটি সমন্বিত বাজেট তৈরি করা পরবর্তী সদস্যবৃন্দর নিকট প্রদান করবেন। বাজেটের বিপরিতে সদস্যবৃন্দ তাঁদের স্ব স্ব অবস্থান থেকে বাজেটে অংশগ্রহণের

ক্ষেত্র নির্ধারন করবেন এবং সচিবালয়কে অবহিত করবেন। পরবর্তীতে, তহবিল প্রদানকৃত সদস্যবৃন্দের কাছে প্রোপজাল সহ অনুরোধ পত্র প্রেরন করা হবে;

**আলোচ্যসূচি ৬ ঃ**
**বিবিধ**

**ক) বিবৃতি প্রদান-** গত জুলাই-আগষ্ট মাসে সংগঠিত বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে ছাত্র-জনতার পাশাপাশি বেশকিছু শিশু নিহত ও আহত হয়। এবিষয়ে প্রতিবাদ, সঠিক সংখ্যা তুলে আনা এবং বিচারের দাবিতে একটি বিবৃতি প্রদান করার প্রস্তাব সভা হতে গৃহীত হয়।

**সিদ্ধান্ত ঃ** গণহত্যায় নিহত ও আহত শিশুদের সঠিক সংখ্যা এবং অবিলম্বে বিচারের দাবী ও আন্দোলনে আহত শিশুদের প্রয়োজনীয় সুচিকিৎসার দাবী জানিয়ে ফোরাম থেকে প্রিন্ট মিডিয়ায় সামাজিক মিডিয়ায় একটি বিবৃতি প্রদান করার উদ্যোগ গ্রহণ করার জন্য সভা ন্যাশনাল কোঅর্ডিনেটর সৈয়দা আহসানা জামান (এ্যানী)-কে দায়িত্ব প্রদান করে। একইসাথে বিবৃতিটিতি চুড়ান্তকরনে ফোরাম সভাপতি ড. বদিউল আলম এর পরামর্শ গ্রহণ করার অনুরোধ জানানো হয়।

খ) **সাধারণ সভা আহ্বান-** আগামী ২৭ আগষ্ট, ২০২৪ তারিখ জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরামের সাধারণ সভা আয়োজন করা হবে। সভাটি বিকেল ৩:০০টায় ফোরাম সচিবালয় দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ অফিসের হলরুমে অনুষ্ঠিত হবে। ফোরামের বেশিরভাগ সদস্যবৃন্দ অংশগ্রহণ করবেন বলে সভায় আশা প্রকাশ করা হয়।

সভা শেষে ফোরাম সভাপতি ড. বদিউল আলম মজুমদার উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করার জন্য কৃতজ্ঞতা ও অভিনন্দন জানান। একইসাথে সকলের সুস্বাস্থ্য ও নিরাপত্তা কামনা করে সভার কার্যক্রম-এর সমাপ্ত ঘোষণা করেন।

প্রতিবেদন তৈরী-
সৈয়দা আহসানা জামান (এ্যানী)
ন্যাশনাল কোঅর্ডিনেটর, জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম।